গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khdc.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং-২৯.০০.০০০০.২১৪.২৩.২২১.২০১৭.৮৬ তারিখ : ০৩ অক্টোবর, ২০২২খ্রি. এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের, যুব-১শাখা এর স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.১১.০৪৪.১৯.২৪৭ তারিখ : ২০ সেপ্টেম্বর,২০২২খ্রি. মূলে শূন্য পদ পূরণের ছাড়পত্র মোতাবেক খাগড়াছড়ি জেলা পরিষদে হস্তান্তরিত বিভাগ যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি এর আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্য পদ সমূহে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে :-

| ক্র. নং | পদের মান ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ০৯(নয়)টি | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ০২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০৪(চার)টি | ৯৩০০-২২৪৯০/- | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে Word Processing, Data Entry & Typing এর গতি প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজীতে ২০ শব্দ হতে হবে । |
| ০৩। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০১(এক)টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী :

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম স্বাক্ষরসহ পূরণকৃত ছকের আবেদনপত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ২৫/০৫/২০২৩খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবেনা ।

০২। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদন পত্রের ছক ও প্রবেশ পত্রের নমুনা ছক পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর ওয়েব সাইটে www.khdc.gov.bd সহ পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এবং উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে ।

০৩। প্রার্থীর বয়স ২৫/০৫/২০২৩খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। তবে ১৬/০১/১৯৮৫খ্রি. তারিখের এসই/আরআই/এস-১৩/৮৪(পার্ট-১)-২০(৭৫) নং স্মারক মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য বয়সসীমা ১০ বৎসর এবং শ্রম সাধ্য কর্মের ক্ষেত্রে ০৫(পাঁচ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য ।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ,সীল ও স্বাক্ষর থাকতে হবে ) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ।

ক) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। আবেদনপত্রের সাথে ০১(এক) কপি এবং প্রবেশ পত্রের সাথে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা/গাম দিয়ে লাগাতে হবে ।

খ) শিক্ষাগত যোগ্যতার বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদপত্র।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নারিকত্ব সনদ।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র (মূল কপি)।

ঙ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র।

চ) জন্ম নিবন্ধন সনদ।

ছ) জাতীয় পরিচয়পত্র।

জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সনদ (সরকারী নির্দেশ অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক সনদ ।

ঝ) এতিমখানা নিবাসী, শারিরীক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ।

ঞ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

ট) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১ ও ২ প্রার্থীর ক্ষেত্রে ৪০০/=(চারশত) টাকা এবং ০৩ ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ৩০০/= (তিনশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং-৫৪১২২০০০২৫২২৬-এ জমা দিয়ে জমা স্লিপের মূলকপি সংযুক্ত করতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদনপত্রের কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতীয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদনপত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

০৯। প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য হবেন।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী বিধি-বিধান, নীতিমালা অনুসরণ করা হবে। উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র /কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যা নিয়োগ করা হবে। একই সাথে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, চাকুরী প্রবিধান মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত সম্প্রদায়ভিত্তিক কোটা অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং নিয়োগ কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khdc.gov.bd

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগ লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার ভিডিপি/প্রতিবন্ধী) খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

(মংসুইপ্রু চৌধুরী)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

**স্মারক নং ২৯.৩৬.০১৮.৩৩.৬৬.০০১.২৩-৪৫১৭** **তারিখ : ১৬ এপ্রিল, ২০২৩খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-**

০১। জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি ( প্রতিমন্ত্রী পদমার্যাদা), শরনার্থী /উদ্বাস্তু বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
০২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ।
০৩। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান ।
০৪। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
০৬। রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন ।
০৭। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
০৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
০৯। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
১০। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি জেলার সকল উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক যুগান্তর, ঢাকা/দৈনিক আমার সংবাদ, ঢাকা/দৈনিক সবুজ পাতার দেশ/ দৈনিক অরণ্য বার্তা, খাগড়াছড়ি- আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণ করতে অনুরোধ হলো।

১২। আইটি অফিসার, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়িকে বিজ্ঞপ্তিটি (চাকুরীর আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।

১৩। অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ।

**চেয়ারম্যান**
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।